

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
সুজানগর, পাবনা।

পত্র নং-৩৩.০২.৭৬৮৩.৫০১.৩৬.০০১.২১-৭৩

তারিখঃ ২৯.০৫.২০২২খ্রি.

সভার নোটিশ


অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের আওতাধীন সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল/২২-জুন/২২) মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.) সভাপতিত্বে ০৬/০৬/২০২২ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা মৎস্য দপ্তর, সুজানগর, পাবনা অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো।


(মোঃ নূর কাজমীর জামান খান)
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
সুজানগর, পাবনা
তারিখঃ ২৯.০৫.২০২২খ্রি.

পত্র নং-৩৩.০২.৭৬৮৩.৫০১.৩৬.০০১.২১-৭৩/৯(৬)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
- ৩। জনাব.....
- ৪। অফিস নথি।


উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
সুজানগর, পাবনা

**উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনা কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের
(Stakeholders) অংশগ্রহনে ৪র্থ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.), সুজানগর, পাবনা।

স্থানঃ উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনা।

তারিখঃ ০৬/০৬/২০২২ খ্রি.

সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (রেজিস্টারে সংরক্ষিত)

অধ্যকার সভা মোঃ নূর কাজমীর জামান খান, উপজেলা মৎস্য কর্মকর্তা, সুজানগর, পাবনা এর সভাপতিতে শুরু হয়। সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর তিনি ২০২১-২০২২ অর্থবছরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহনে ৪র্থ কোয়ার্টারের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। কার্যপত্র অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের কার্যক্রমসমূহের আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র. নং	স্টেক হোল্ডার এর নাম	আলোচনা/বিবরণ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	মৎস্যচাষি প্রতিনিধি জনাব মোঃ রফিকুল ইসলাম	মৎস্যচাষি প্রতিনিধি জানান যে, আমাদের এলাকায় দেশীয় প্রজাতির ছোট মাছ (শিং, মাগুর, গুলশা-পাবদা, ইত্যাদি) চাষে আগ্রহ কম দেশীয় প্রজাতির মাছচাষে উত্তক করা।	উপজেলা মৎস্য অফিসার, সুজানগর, পাবনা জানান যে, আমরা এ বছরে দেশীয় প্রজাতির ছোট মাছচাষের উপর ২২ টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে।	ক্ষেত্র সহকারী (রাজস্ব) ক্ষেত্র সহকারী (ইউনিয়ন) ক্ষেত্র সহকারী (এনএপিটি-২)
০২	মৎস্যজীবি প্রতিনিধি জনাব মাখাব হুদাদার	মৎস্যজীবি প্রতিনিধি জানান যে, অসাধু মৎস্যজীবি বর্ষার শুরুতে চায়না জাল দিয়ে বিলে মাছ ধরে এতে করে প্রাকৃতিক মাছের প্রাচুর্যতা কমে যাচ্ছে।	উপজেলা মৎস্য অফিসার, সুজানগর, পাবনা জানান যে, উপজেলা মৎস্য দপ্তর অতি দ্রুত সচেতনতার জন্য ব্যাপক প্রচার যেমন মাইকিং, লিফলেট বিতরণ ও কিছু মোবাইল কোর্ট পরিচালনা।	ক্ষেত্র সহকারী (রাজস্ব) ক্ষেত্র সহকারী (ইউনিয়ন) ক্ষেত্র সহকারী (এনএপিটি-২)
০৩	মৎস্যচাষি প্রতিনিধি জনাব মোঃ আশিক	মৎস্যচাষি প্রতিনিধি জানান যে, আমাদের এলাকায় কোন মৎস্য হ্যাচারী না থাকায় আমরা সময়মত মাছের রেনু পাই না। তাছাড়া অফিস থেকে যে প্রদর্শনী উপকরণ দেওয়া হয়, তাও অনেক কম, কৃষি অফিস অনেক বেশি প্রদর্শনী দেয়।	উপজেলা মৎস্য অফিসার, সুজানগর, পাবনা জানান যে, আমরা বছরে মাত্র ১০-১২ টির মতো প্রদর্শনী পাই, আমাদের প্রদর্শনীর সংখ্যা কৃষি অফিস থেকে অনেক কম পাই। আমরা চেষ্টা করি প্রতি ইউনিয়নে সমভাবে প্রদর্শনী বাস্তবায়ন করে থাকি।	ক্ষেত্র সহকারী (রাজস্ব) ক্ষেত্র সহকারী (ইউনিয়ন) ক্ষেত্র সহকারী (এনএপিটি-২)
০৪	সাংবাদিক প্রতিনিধি জনাব মোঃ মোঃ জামিলুর রহমান	সাংবাদিক প্রতিনিধি জানান যে, কিছু অসাধু মৎস্যজীবিরাই মূলত মাছের রেনু থেকে শুরু করে ছোট মাছ পর্যন্ত মৎস্য শিকার করে থাকে। তিনি জানান যে, এগুলোর ব্যাপারে সচেতনতার জন্য ব্যাপক প্রচার যেমন মাইকিং, লিফলেট বিতরণ ও কিছু মোবাইল কোর্ট পরিচালনা করা যেতে পারে।	উপজেলা মৎস্য অফিসার, সুজানগর, পাবনা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তর অতি দ্রুত সচেতনতার জন্য ব্যাপক প্রচার যেমন মাইকিং, লিফলেট বিতরণ ও কিছু মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।	ক্ষেত্র সহকারী (রাজস্ব)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ নূর কাজমীর জামান খান)
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
সুজানগর, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

স্মারক নং-৩৩.০২.৭৬৮৩.৫০১.৩৬.০০১.২১.৭৬/১(৩)

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) জেলা মৎস্য দপ্তর, পাবনা।

৩) সংশ্লিষ্ট নথি।

তারিখঃ ০৬/০৬/২০২২ খ্রি.

উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
সুজানগর, পাবনা।